SECTION—I
Language-I—Bengali

1. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি ঠিক?
   (A) পশ্চাৎ+ আগত = পশ্চাত্যাগত
   (B) ষড়্ + দর্শন = ষড়্‌দর্শন
   (C) পিচ্ + অন্ত = পিজন্ত
   (D) পশু + আচার = পশ্যাচার

2. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।
   (a) বাংলায় বর্গের প্রথম ও দ্বিতীয় ব্যঞ্জনধ্বনি অঘোষ
   (b) বাংলায় বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যঞ্জনধ্বনি ঘোষ
   (c) বাংলায় বর্গের প্রথম ও দ্বিতীয় ব্যঞ্জনধ্বনি ঘোষ
   (d) বাংলায় বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যঞ্জনধ্বনি অঘোষ

   বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

3. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।
   (a) বাংলায় বর্গের প্রথম ও তৃতীয় ব্যঞ্জনধ্বনি অল্পপ্রাণ
   (b) বাংলায় বর্গের দ্বিতীয় ও চতুর্থ ব্যঞ্জনধ্বনি মহাপ্রাণ
   (c) বাংলায় 'ড়' মহাপ্রাণ ধ্বনি
   (d) বাংলায় 'ঢ়' মহাপ্রাণ ধ্বনি

   বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

4. প্রাণপণ যত্ন ব্যতিরেকে বিদ্যালাভ সম্ভব নয়।
   নিম্নরেখ পদটি
   (A) পদান্বয়ী অব্যয়
   (B) সমুচ্চয়ী অব্যয়
   (C) নিত্যসম্বন্ধী অব্যয়
   (D) অনন্বয়ী অব্যয়

5. নীচের যুক্তব্যঞ্জনগুলি ভেঙে যে ব্যঞ্জন পাওয়া যায়, তার নিরিখে নীচের কোন্ বিকল্পটি অশুদ্ধ?
   (A) ক্ষ্ম = ক্ + ষ্ + ম্
   (B) হ্ম = হ্ + ম্
   (C) জ্ঞ = এ্ঞ্ + ঞ্
   (D) হ্ন = হ্ + ন্

6. আমি তোমায় কিছু কথা বলতে চাই।
   উদ্ধৃত বাক্যটিতে
   (A) 'তোমায়' মুখ্যকর্ম, 'কথা' গৌণকর্ম
   (B) 'তোমায়' গৌণকর্ম, 'কথা' মুখ্যকর্ম
   (C) 'তোমায়', 'কথা' দুটিই মুখ্যকর্ম
   (D) 'তোমায়', 'কথা' দুটিই গৌণকর্ম

নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে 7 থেকে 11 পর্যন্ত প্রশ্নগুলির উত্তর দিন।

ইতিমধ্যে বাড়িতে পরে পরে কয়েকটি মৃত্যুঘটনা ঘটিল। ইতিপূর্বে মৃত্যুকে আমি কোনোদিন প্রত্যক্ষ করি নাই। মার যখন মৃত্যু হয় আমার তখন বয়স অল্প। অনেকদিন হইতে তিনি রোগে ভুগিতেছিলেন, কখন যে তাঁহার জীবনসংকট উপস্থিত হইয়াছিল তাহা জানিতেও পাই নাই। এতদিন পর্যন্ত যে-ঘরে আমরা শুইতাম সেই ঘরেই স্বতন্ত্র শয্যায় মা শুইতেন। কিন্তু তাঁহার রোগের সময় একবার কিছুদিন তাঁহাকে বোটে করিয়া গঙ্গায় বেড়াইতে লইয়া যাওয়া হয়—তাহার পরে বাড়িতে ফিরিয়া তিনি অন্তঃপুরের তেতালার ঘরে থাকিতেন। যে-রাত্রিতে তাঁহার মৃত্যু হয় আমরা তখন ঘুমাইতেছিলাম, তখন কত রাত্রি জানি না, একজন পুরাতন দাসী আমাদের ঘরে ছুটিয়া আসিয়া চিৎকার করিয়া কাঁদিয়া উঠিল, "ওরে তোদের কী সর্বনাশ হল রে!" তখনই বউঠাকুরানী তাড়াতাড়ি তাহাকে ভর্ৎসনা করিয়া ঘর হইতে টানিয়া বাহির করিয়া লইয়া গেলেন—পাছে গভীর রাত্রে আচমকা আমাদের মনে গুরুতর আঘাত লাগে এই আশঙ্কা তাঁহার ছিল। স্তিমিত প্রদীপে, অস্পষ্ট আলোকে ক্ষণকালের জন্য জাগিয়া উঠিয়া হঠাৎ বুকটা দমিয়া গেল কিন্তু কী হইয়াছে ভালো করিয়া বুঝিতেই পারিলাম না। প্রভাতে উঠিয়া যখন মার মৃত্যুসংবাদ শুনিলাম তখনো সে-কথাটার অর্থ সম্পূর্ণ গ্রহণ করিতে পারিলাম না। বাহিরের বারান্দায় আসিয়া দেখিলাম তাঁহার সুসজ্জিত দেহ প্রাঙ্গণে খাটের উপরে শয়ান। কিন্তু মৃত্যু যে ভয়ংকর সে-দেহে তাহার কোনো প্রমাণ ছিল না;—সেদিন প্রভাতের আলোকে মৃত্যুর যে-রূপ দেখিলাম তাহা সুখসুপ্তির মতোই প্রশান্ত ও মনোহর। জীবন হইতে জীবনান্তের বিচ্ছেদ স্পষ্ট করিয়া চোখে পড়িল না। কেবল যখন তাঁহার দেহ বহন করিয়া বাড়ির সদর-দরজার বাহিরে লইয়া গেল এবং আমরা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ শ্মশানে চলিলাম তখনই শোকের সমস্ত ঝড় যেন একেবারে এক-দমকায় আসিয়া মনের ভিতরটাতে এই একটা হাহাকার তুলিয়া দিল যে, এই বাড়ির এই দরজা দিয়া মা আর একদিনও তাঁহার নিজের এই চিরজীবনের ঘরকরনার মধ্যে আপনার আসনটিতে আসিয়া বসিবেন না। বেলা হইল, শ্মশান হইতে ফিরিয়া আসিলাম; গলির মোড়ে আসিয়া তেতালায় পিতার ঘরের দিকে চাহিয়া দেখিলাম—তিনি তখনো তাঁহার ঘরের সম্মুখের বারান্দায় স্তব্ধ হইয়া উপাসনায় বসিয়া আছেন।

(Contd.)

SECTION—I
Language–I—Bengali

বাড়িতে যিনি কনিষ্ঠা বধূ ছিলেন তিনিই মাতৃহীন বালকদের ভার লইলেন। তিনিই আমাদিগকে খাওয়াইয়া পরাইয়া সর্বদা কাছে টানিয়া, আমাদের যে কোনো অভাব ঘটিয়াছে তাহা ভুলাইয়া রাখিবার জন্য দিনরাত্রি চেষ্টা করিলেন। যে-ক্ষতি পূরণ হইবে না, যে-বিচ্ছেদের প্রতিকার নাই, তাহাকে ভুলিবার শক্তি প্রাণশক্তির একটা প্রধান অঙ্গ;—শিশুকালে সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে, তখন সে কোনো আঘাতকে গভীরভাবে গ্রহণ করে না, স্থায়ী রেখায় আঁকিয়া রাখে না। এইজন্য জীবনে প্রথম যে-মৃত্যু কালো ছায়া ফেলিয়া প্রবেশ করিল, তাহা আপনার কালিমাকে চিরন্তন না করিয়া ছায়ার মতোই একদিন নিঃশব্দপদে চলিয়া গেল। ইহার পরে বড়ো হইলে যখন বসন্তপ্রভাতে একমুঠা অনতিস্ফুট মোটা মোটা বেলফুল চাদরের প্রান্তে বাঁধিয়া খ্যাপার মতো বেড়াইতাম—তখন সেই কোমল চিক্কণ কুঁড়িগুলি ললাটের উপর বুলাইয়া প্রতিদিনই আমার মায়ের শুভ্র আঙুলগুলি মনে পড়িত;—আমি স্পষ্টই দেখিতে পাইতাম যে-স্পর্শ সেই সুন্দর আঙুলের আগায় ছিল সেই স্পর্শই প্রতিদিন এই বেলফুলগুলির মধ্যে নির্মল হইয়া ফুটিয়া উঠিতেছে; জগতে তাহার আর অন্ত নাই—তা আমরা ভুলিই আর মনে রাখি।

কিন্তু আমার চব্বিশ বছর বয়সের সময় মৃত্যুর সঙ্গে যে-পরিচয় হইল তাহা স্থায়ী পরিচয়। তাহা তাহার পরবর্তী প্রত্যেক বিচ্ছেদশোকের সঙ্গে মিলিয়া অশ্রুর মালা দীর্ঘ করিয়া গাঁথিয়া চলিয়াছে। শিশুবয়েসের লঘু জীবন বড়ো বড়ো মৃত্যুকেও অনায়াসেই পাশ কাটাইয়া ছুটিয়া যায়—কিন্তু অধিক বয়সে মৃত্যুকে অত সহজে ফাঁকি দিয়া এড়াইয়া চলিবার পথ নাই। তাই সেদিনকার সমস্ত দুঃসহ আঘাত বুক পাতিয়া লইতে হইয়াছিল।

7. উদ্ধৃত গদ্যাংশে 'অনতিস্ফুট' শব্দটির অর্থ হল
   (A) ফোটেনি এমন
   (B) সম্পূর্ণ ফোটেনি এমন
   (C) সম্পূর্ণ ফুটেছে এমন
   (D) ফুটে গিয়ে ঝরে পড়েছে এমন

8. উদ্ধৃত গদ্যাংশে 'এক-দমকায়' পদটি যেভাবে ব্যবহৃত হয়েছে
   (A) ক্রিয়াবিশেষণ রূপে
   (B) বিশেষ্যের বিশেষণ রূপে
   (C) সর্বনামের বিশেষণ রূপে
   (D) বিশেষ্য রূপে

9. "বাড়িতে যিনি কনিষ্ঠা বধূ ছিলেন তিনিই মাতৃহীন বালকদের ভার লইলেন।"
   উদ্ধৃত বাক্যটিতে বিশেষণ পদ রয়েছে
   (A) ২টি
   (B) ১টি
   (C) ৩টি
   (D) ৪টি

10. "তখনই বউঠাকুরানী তাড়াতাড়ি তাহাকে ভর্ৎসনা করিয়া ঘর হইতে টানিয়া বাহির করিয়া লইয়া গেলেন।"
    উদ্ধৃত বাক্যটিতে অসমাপিকা ক্রিয়াপদের সংখ্যা
    (A) ২টি
    (B) ৪টি
    (C) ৬টি
    (D) ৭টি

11. "... শিশুকালে সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে..."
    উদ্ধৃত বাক্যাংশটির বিধেয় হল
    (A) শিশুকালে সেই নবীন ও প্রবল থাকে
    (B) সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে
    (C) শিশুকালে নবীন ও প্রবল থাকে
    (D) সেই প্রাণশক্তি

12. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি ঠিক?
    (A) নিয়ন্ + তা = নিয়ন্তা (B) বৃন + হিত = বৃংহিত
    (C) উন্ + নয়ন = উন্নয়ন (D) তদ্ + ত্ব = তত্ত্ব

13. সন্ধির সূত্র অনুযায়ী নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি ঠিক নয়?
    (A) দ্ + ক্ হলে 'দ্'-এর জায়গায় 'ৎ' হয়।
    (B) দ্ + প্ হলে 'দ্'-এর জায়গায় 'ৎ' হয়।
    (C) দ্ + ল্ হলে 'দ্'-এর জায়গায় 'ধ্' হয়।
    (D) দ্ + স্ হলে 'দ্'-এর জায়গায় 'ৎ' হয়।

14. নীচে প্রদত্ত মন্তব্য ও তার সমর্থনে যুক্তির মধ্যে শুদ্ধ-অশুদ্ধ বিচারের নিরিখে বিকল্প থেকে ঠিক উত্তরটি নির্বাচন করুন।
    মন্তব্য: ব্যাকরণের পুরুষ কথাটির সঙ্গে স্ত্রী-পুরুষ লিঙ্গবোধের কোনো সম্পর্ক নেই।
    যুক্তি: ব্যাকরণে পুরুষ হল ক্রিয়ার আশ্রয়।
    বিকল্প
    (A) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ
    (B) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ
    (C) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
    (D) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

15. নীচের কোন্‌টি 'আকাশ' শব্দের সমার্থক শব্দ নয়?
    (A) ত্রিদিব
    (B) রত্নাবতী
    (C) সুরবর্ত্ম
    (D) সুরপথ

16. তোমার স্কুল কি আজ ছুটি ছিল?
উদ্ধৃত বাক্যটির উদ্দেশ্য হল
(A) তুমি (উহ্য)
(B) তোমার
(C) তোমার স্কুল
(D) আজ

17. নীচের কোন্‌টি 'সমুদ্র' শব্দের সমার্থক?
(A) ইরাবান
(B) সমুদ্রাসন
(C) পাটক
(D) কলাভৃৎ

18. "হঠাৎ বলেন, 'গেলুম গেলুম, আমায় ধরে তোল!' "
উদ্ধৃত অংশটির নিম্নরেখ ক্রিয়াপদের কাল
(A) সাধারণ বর্তমান কাল
(B) পুরাঘটিত বর্তমান কাল
(C) সাধারণ অতীত কাল
(D) পুরাঘটিত অতীত কাল

19. নীচের কোন্ বাক্যটিতে গঠনগত ভুল আছে?
(A) আকণ্ঠ খেয়ে হাঁসফাঁস করছি।
(B) সব ছেলেরা, চলে এসো।
(C) সবাই শুধু আমার কথা শোনো।
(D) নিজের নিজের বই হাতে রাখো।

নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে 20 থেকে 24 পর্যন্ত প্রশ্নগুলির উত্তর দিন।

আমার জীবনের ঘটনা বিশেষ কিছুই নাই এবং আমার জীবনচরিত্র লিপিবদ্ধ করিবার যোগ্য নহে।

আমার জন্মের তারিখ ৬ই মে ১৮৬১ খ্রিস্টাব্দ। বাল্যকালে ইস্কুল পালাইয়াই কাটাইয়াছি। নিতান্তই লেখার বাতিক ছিল বলিয়া শিশুকাল হইতে কেবল লিখিতেছি। যখন আমার বয়স ১৬ সেই সময় ভারতী পত্রিকা বাহির হয়। প্রধানত এই পত্রিকাতেই আমার গদ্য লেখা অভ্যস্ত হয়।

আমার ১৭ বছর বয়সে মেজদাদার সঙ্গে বিলাত যাই—এই সুযোগে ইংরাজি শিক্ষার সুবিধা হইয়াছিল। লন্ডন বিশ্ববিদ্যালয়ে কিছুকাল অধ্যাপক হেনরি মর্লির ক্লাসে ইংরাজি সাহিত্য চর্চা করিয়াছিলাম।

এক বৎসরের কিছু উর্ধ্বকাল বিলাতে থাকিয়া দেশে ফিরিয়া আসি। জাহাজে "ভগ্নহৃদয়" নামক এক কাব্য লিখিতে শুরু করি—দেশে আসিয়া তাহা শেষ হয়। অল্পকালের মধ্যে সন্ধ্যা সঙ্গীত, প্রভাত সঙ্গীত, প্রকৃতির প্রতিশোধ প্রকাশিত হইয়াছিল। আমার ২৩ বৎসর বয়সে শ্রীমতী মৃণালিনী দেবীর সহিত আমার বিবাহ হয়।

ছবি ও গান, কড়ি ও কোমল, মানসী, রাজা ও রাণী, সোনার তরী প্রভৃতি কাব্যগুলি পরে পরে বাহির হইয়াছে। তাহাদের প্রকাশের তারিখ প্রভৃতি আমার মনে নাই।

সোনার তরী কবিতাগুলি প্রায় সাধনা পত্রিকাতেই লিখিত হইয়াছিল। আমার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত সুধীন্দ্রনাথ তিন বৎসর এই কাগজের সম্পাদক ছিলেন—চতুর্থ বৎসরে ইহার সম্পূর্ণভার আমাকে লইতে হইয়াছিল। সাধনা পত্রিকায় অধিকাংশ লেখা আমাকে লিখিতে হইত এবং অন্য লেখকদের রচনাতেও আমার হাত ভূরিপরিমাণে ছিল।

এই সময়েই বিষয় কর্মের ভার আমার প্রতি অর্পিত হওয়াতে সর্বদাই আমাকে জলপথে ও স্থলপথে পল্লীগ্রামে ভ্রমণ করিতে হইত—কতকটা সেই অভিজ্ঞতার উৎসাহে আমাকে ছোটো গল্প রচনায় প্রবৃত্ত করিয়াছিল।

সাধনা বাহির হইবার পূর্বেই হিতবাদী কাগজের জন্ম হয়। যাঁহারা ইহার জন্মদাতা ও অধ্যক্ষ ছিলেন তাঁহাদের মধ্যে কৃষ্ণকমলবাবু, সুরেন্দ্রবাবু, নবীনচন্দ্র বড়ালই প্রধান ছিলেন।

কৃষ্ণকমলবাবুও সম্পাদক ছিলেন, সেই পত্রে প্রতি সপ্তাহেই আমি ছোটো গল্প সমালোচনা ও সাহিত্যপ্রবন্ধ লিখিতাম। আমার ছোটো গল্প লেখার সূত্রপাত ঐখানেই। ছয় সপ্তাহকাল লিখিয়াছিলাম।

সাধনা চারিবৎসর চলিয়াছিল। বন্ধ হওয়ার কিছুদিন পরে একবৎসর ভারতীর সম্পাদক ছিলাম, এই উপলক্ষ্যেও গল্প ও অন্যান্য প্রবন্ধ কতকগুলি লিখিতে হয়।

আমার পরলোকগত বন্ধু শ্রীশচন্দ্র মজুমদারের বিশেষ অনুরোধে বঙ্গদর্শন পত্র পুনরুজ্জীবিত করিয়া তাহার সম্পাদনভার গ্রহণ করি। এই উপলক্ষ্যে বড়ো উপন্যাস লেখায় প্রবৃত্ত হই। তরুণ বয়সে ভারতীতে বৌঠাকুরাণীর হাট লিখিয়াছিলাম। ইহাই আমার প্রথম বড়ো গল্প।

এই সময়ে আমি বোলপুর শান্তিনিকেতন আশ্রমে ব্রহ্মচর্য্যাশ্রম নামক বিদ্যালয়ের প্রতিষ্ঠা করি। ব্রহ্মবান্ধব উপাধ্যায় তখন আমার সহায় ছিলেন—তখন তাঁহার মধ্যে রাষ্ট্রনৈতিক উৎসাহের অঙ্কুরমাত্রও কোনোদিন দেখি নাই—তিনি তখন একদিকে বেদান্ত অন্যদিকে রোমান ক্যাথলিক খ্রিস্টানধর্মের মধ্যে নিমগ্ন ছিলেন। কোনোকালেই বিদ্যালয়ের অভিজ্ঞতা আমার না থাকাতে উপাধ্যায়ের সহায়তা আমার পক্ষে বিশেষ ফলপ্রদ হইয়াছিল। বিদ্যালয়ের দুই এক বৎসর চলার পর ১৩০৭ সালে আমার স্ত্রীর মৃত্যু হয়।

বঙ্গদর্শন পাঁচবৎসর চালাইয়া তাহার সম্পাদকতা পরিত্যাগ করিয়াছি। এক্ষণে বিদ্যালয় লইয়া নিযুক্ত আছি।

উপাধ্যায় ৺মোহিতচন্দ্র সেন মহাশয়ের সহিত আমার আলাপ করাইয়া দিয়াছিলেন। তিনি আমার বিদ্যালয়ের প্রতি বিশেষ শ্রদ্ধাবান ছিলেন—কিছুকাল ইহাকে তিনি চালনা করিয়াছিলেন। এই সময়ে তিনি আমার কাব্যগ্রন্থাবলী বিস্তর পরিশ্রমে Edit করিয়াছিলেন। সেই গ্রন্থে বিষয় ভেদ অনুসারে আমার সমস্ত কবিতাকে ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করিয়া তিনি প্রকাশ করিয়াছেন।

আমার জীবন ও রচনার ইতিহাস সংক্ষেপে উপরে লিখিয়া দিলাম। সন তারিখের কোনো ধার ধারি না।

আমার অতি বাল্যকালেই মা মারা গিয়াছিলেন—তখন বোধ হয় আমার বয়স ১১/১২ বৎসর হইবে। তাঁহার মৃত্যুর দুই একবৎসর পূর্বে আমার পিতা আমাকে সঙ্গে করিয়া অমৃতসর হইয়া ড্যালহৌসী পর্ব্বতে ভ্রমণ করিতে যান—সেই আমার বাহিরের জগতের সহিত প্রথম পরিচয়। সেই ভ্রমণটি আমার রচনার মধ্যে নিঃসন্দেহ যথেষ্ট প্রভাব বিস্তার করিয়া ছিল। সেই তিনমাস পিতৃদেবের সহিত একত্র সহবাসকালে তাঁহার নিকট হইতে ইংরাজি ও সংস্কৃতভাষা শিক্ষা করিতাম এবং মুখে মুখে জ্যোতিষশাস্ত্র আলোচনা ও নক্ষত্র পরিচয়ে অনেক সময় কাটিত। এই যে স্কুলের বন্ধন ছিন্ন করিয়া মুক্ত প্রকৃতির মধ্যে তিনমাস স্বাধীনতার স্বাদ পাইয়াছিলাম ইহাতেই ফিরিয়া আসিয়া বিদ্যালয়ের সহিত আমার সম্ভ্রম বিচ্ছিন্ন হইয়া গেল। এই শেষ বয়সে বিদ্যালয় স্থাপন করিয়া তাহার শোধ দিতেছি—এখন আমার আর পালাইবার পথ নাই—ছাত্ররাও যাহাতে সর্বদা পালাইবার পথ না খোঁজে সেইদিকেই আমার দৃষ্টি।

SECTION—I
Language–I—Bengali

20. "সেই পত্রে প্রতি সপ্তাহেই আমি ছোটো গল্প সমালোচনা ও সাহিত্যপ্রবন্ধ লিখিতাম।"
উদ্ধৃত অংশটিতে 'সেই পত্রে' বলতে যে পত্রিকার কথা বোঝানো হয়েছে, সেটি হল
(A) বঙ্গদর্শন
(B) প্রবাসী
(C) হিতবাদী
(D) তত্ত্ববোধিনী

21. "এই সময়েই আমি বোলপুর শান্তিনিকেতন আশ্রমে ব্রহ্মচর্য্যাশ্রম নামক বিদ্যালয়ের প্রতিষ্ঠা করি।"
নিম্নরেখ ক্রিয়াপদের রূপটির কাল ঃ
(A) সাধারণ বর্তমান কাল
(B) সাধারণ অতীত কাল
(C) পুরাঘটিত বর্তমান কাল
(D) পুরাঘটিত অতীত কাল

22. "এই শেষ বয়সে বিদ্যালয় স্থাপন করিয়া তাহার শোধ দিতেছি..."
উদ্ধৃত অংশে কোন্ ঘটনার শোধ দেওয়ার কথা বলা হয়েছে?
(A) বাবার কাছে ইংরেজি ও সংস্কৃত ভাষা শেখার।
(B) বিদ্যালয় স্থাপন করেও মনোমতো উপায়ে কাজ করতে না পারার।
(C) বাবার সঙ্গে ঘুরে আসার পরে আর বিদ্যালয়ে যোগদান না করার।
(D) ছাত্রদের সর্বদা পালানোর পথ খুঁজতে চাওয়ার।

23. "এই সময়ে তিনি আমার কাব্যগ্রন্থাবলী বিস্তর পরিশ্রমে Edit করিয়াছিলেন।"
নিম্নরেখ পদটির বর্ণ বিশ্লেষণ করে পাওয়া যায়
(A) ক্ + আ + ব্ + অ + য্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + আ + ব্ + অ + ল্ + ঈ
(B) ক্ + আ + ব্ + য্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + আ + ব্ + অ + ল্ + ঈ
(C) ক্ + আ + ব্ + য্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + আ + ব্ + অ + ল্ + ঈ
(D) ক্ + আ + ব্ + অ + য্ + অ + গ্ + র্ + অ + ন্ + থ্ + আ + ব্ + অ + ল্ + ঈ

24. উদ্ধৃত অংশটিতে কতগুলি সাময়িক পত্রের নাম রয়েছে?
(A) ৩টি
(B) ৪টি
(C) ৫টি
(D) ৬টি

25. নীচের কোন্ বানানটি শুদ্ধ?
(A) দক্ষিণায়ন
(B) দক্ষিণায়ণ
(C) দক্ষিনায়ন
(D) দক্ষিনায়ণ

26. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।
(a) বাংলায় 'ই', 'এ', 'অ্যা' পশ্চাৎ ধ্বনি
(b) বাংলায় 'উ', 'ও', 'অ' সম্মুখ ধ্বনি
(c) বাংলায় 'আ' কেন্দ্রীয় ধ্বনি
(d) বাংলায় 'উ', 'ও', 'অ' পশ্চাৎ ধ্বনি
বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

27. লিঙ্গ পরিবর্তনের দিক থেকে নীচের কোন্ মন্তব্য শুদ্ধ?
(A) 'ওজস্বী' শব্দটি স্ত্রীলিঙ্গবাচক।
(B) 'ওজস্বী' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বিনী'।
(C) 'ওজস্বীন্' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বী'।
(D) 'ওজস্বী' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বীনি'।

28. 'স্ত্রী'-এর মধ্যে যুক্ত হয়ে থাকা বর্ণের সংখ্যা
(A) ১ টি
(B) ২ টি
(C) ৩ টি
(D) ৪ টি

29. বাংলা ভাষায় 'দ্' ধ্বনিটি
(A) দন্ত্য ধ্বনি
(B) মূর্ধন্য ধ্বনি
(C) তালব্য ধ্বনি
(D) কণ্ঠ্য ধ্বনি

30. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্টি ঠিক নয়?
(A) মহা + ঋষভ = মহার্ষভ (B) ভরত + ঋষভ = ভরতর্ষভ
(C) উত্তম + ঋণ = উত্তমর্ণ (D) শীত + ঋত = শীতার্ত

SECTION—II
Language-II—English

Read the following passage to answer Q. nos. 31 to 34:

When children develop their mother tongue, they are simultaneously fostering a whole host of other essential skills, such as critical thinking and literacy skills. It is this skill-set that take with them into formal education, and research tells us that any skill and concept gained in the learner's home language don't need to be re-taught when they transfer to a second language. Language and mother tongue also play a huge role in the development of personal, social and cultural identity. Children with a strong foundation in their first language often display a deeper understanding of themselves and their place within society, along with an increased sense of well-being and confidence. Naturally, this flows down into every aspect of their lives, including their academic achievement. In all education the primary place should be given to training in the exact and free use of mother tongue. Mother tongue is the true vehicle of mother wit. Another medium of speech may bring with it a current of new ideas. But the mother tongue is one with the air in which a man is born. It is through the vernacular that new conceptions of the mind should press their way to birth in speech. A man's native speech is almost like his shadow, inseparable from his personality. In our way of speech, we must , as the old saying runs, drink water out of our own cistern, for each one of us is a member of a community. It is through our vernacular, through our folk speech that most of us attain the characteristic expression of our nature.

31. A man's indigenous speech is almost like his

(A) soul. (B) shadow.
(C) pillow. (D) attire.

32. Through the vernacular, most human beings accomplish

(A) artificiality.
(B) fragmented expression.
(C) wrong ideas.
(D) characteristic expression.

33. According to the old saying, we should drink water out of our own

(A) packet. (B) tavern.
(C) cistern. (D) box.

34. In education, training in the free use of mother tongue should be given

(A) secondary place. (B) primary place.
(C) tertiary place. (D) intermediary place.

Mark the correct arrangement of the following words as these would appear in the dictionary, from first to last: (Q. no. 35 & 36)

35. (i) receptacle
(ii) reception
(iii) receptionist
(iv) receptive

(A) (i), (ii), (iii), (iv) (B) (ii), (i), (iv), (iii)
(C) (iii), (iv), (i), (ii) (D) (iv), (iii), (i), (ii)

36. (i) precipitate
(ii) precedent
(iii) precision
(iv) precious

(A) (iii), (i), (iv), (ii) (B) (ii), (iv), (i), (iii)
(C) (i), (iii), (ii), (iv) (D) (ii), (i), (iv), (iii)

Mark correctly the antonyms of the following words: (Q. no. 37& 38)

37. sporadic

(A) continuous (B) interval
(C) decent (D) repel

38. malice

(A) intention (B) benevolence
(C) spite (D) morose

Mark correctly the plural forms of the following words: (Q. no. 39-41)

39. corpus

(A) corpusses (B) corpora
(C) corpos (D) corpori

40. appendix

(A) appendixes (B) appendices
(C) appendiexes (D) appendieces

41. cactus

(A) cactuss (B) cacti
(C) cactu (D) cactis

Mark correctly the change in gender of the following words: (Q. no. 42-44)

42. protector

(A) protecti (B) protectoress
(C) protectress (D) protectum

43. gander

(A) goose (B) heifer
(C) gandress (D) duchess

(Contd.)

44. colt

(A) doe (B) sow
(C) filly (D) ewe

Mark correctly the synonyms of the following words: (Q. no. 45 & 46)

45. conscientious

(A) scrupulous (B) rebellious
(C) mischievous (D) ridiculous

46. abhor

(A) simplicity (B) boast
(C) abstract (D) detest

Read the following passage to answer Q. nos. 47 to 50:

The man who perpetually hesitates which of the two things he will do first, will do neither. The man who resolves but changes his resolution at the first counter- suggestion of a friend, who fluctuates from opinion to opinion, from plan to plan and veers like a weathercock to every point of the mpass, with every breath of caprice that blows, can never omplish anything great or useful. Whimsicality and cillations are the bedrocks on which the edifice of failure constructed. Nothing worthy, nothing fruitful is born out a mind that is like a ship without a radar, drifting aimlessly the high ocean of life. It is only the man who first consults sely, then resolves firmly and then executes his purpose h inflexible perseverance, undismayed by those petty culties which daunt a weaker spirit, that can advance to inence in any field. The course is to be taken wisely d firmly. Once taken, it has to be pursued with heoric solution. With indomitable spirit and unquestionable dication to the purpose, one can conquer the universe.

7. The course is to be taken with

(A) wisdom and hesitation.
(B) care and thoughtless action.
(C) bravery and whimsicality.
(D) firmness and wisdom.

. In the passage, an indecisive man is compared to a

(A) wall clock. (B) magnet.
(C) compass. (D) weathercock.

With firm spirit and proper dedication, the universe can be

(A) won (B) lost
(C) sold (D) hired

One can advance to prominence in any field if one

A) thinks only.
B) only resolves wisely.
C) only plans to execute the purpose properly.
D) resolves, consults and executes properly.

Mark correctly the appropriate form of verbs that fit in the blanks: (Q. no. 51-53)

51. If I _____ a bird, I would fly.

(A) am (B) was
(C) were (D) have been

52. He found the book he _____ .

(A) has lost (B) was lost
(C) had lost (D) would have lost

53. Hardly had the girl _____ writing, when the teacher collected her answer script.

(A) had finished (B) have finished
(C) finished (D) finishes

Mark the correct spelling from the options given below: (Q. no. 54-56)

54. (A) assimilate (B) asimillate
(C) assimillate (D) asimilate

55. (A) apalling (B) appalinng
(C) appalling (D) appaling

56. (A) rejuvinate (B) rejuvenate
(C) rijuvinate (D) rejuvenete

Mark correctly the part of the sentences which has an error. If the sentences are correct mark 'D' (No error): (Q. no. 57 & 58)

57. Samir has to (A) trudge over the (B) steep mountain path. (C) No error. (D)

58. Treasure Island is (A) one of the best pirate stories (B) that ever written. (C) No error. (D)

Mark correctly the appropriate prepositions that fit in the blanks: (Q. no. 59 & 60)

59. An application was written to the officer in pursuance _____ the instructions given.

(A) by (B) upon
(C) for (D) of

60. The distance of the school _____ the railway station is two kilometres.

(A) over (B) from
(C) on (D) to

(Contd.)

SECTION—III

Child Development & Pedagogy

English Version

61. Learning Assessment is purposeful if
(A) it serves as a feedback for the students as well as the teachers.
(B) it is done only once at the end of the year.
(C) comparative evaluations are made to differentiate the student's achievements.
(D) it induces fear and stress among the students.

62. Which one of the following skills should be stressed more for mentally under-developed children?
(A) Life skills (B) Adaptation skills
(C) Communication skills (D) Numerical skills

63. A teacher always helps the students so that they can relate the knowledge acquired in one subject with another subject. It helps in
(A) individual difference
(B) learner's independence
(C) distribution of reinforcer
(D) correlate and transfer of knowledge

64. In teaching process student's performance is
(A) dependent variable (B) independent variable
(C) intervening variable (D) control variable

65. A collection of a student's work in an area showing growth, self reflection and achievement is known as
(A) assessment (B) judgement
(C) portfolio (D) cumulative record

66. *Educational Characteristics: Measuring devices:*

(a) achievement	***(I) Examination***
(b) learning	***(II) Assessment***
(c) interest	***(III) Interview***

The matching pair is—
(A) (a) (III) (B) (b) (II)
(C) (c) (I) (D) (b) (I)

67. Inclusion of children with special needs
(A) is detrimental to children without disabilities.
(B) will increase the burden on schools.
(C) requires a change in attitude, content and approach to teaching.
(D) is an unrealistic goal.

68. With reference to the gifted learners, 'acceleration' means
(A) accelerating the process of their assessment.
(B) accelerating the transaction of their scholastic activities.
(C) promoting them to the next higher grade earlier than normal learners.
(D) speeding up their co-scholastic activities.

Bengali Version

61. শিখনের অ্যাসেসমেন্ট অভীষ্ট সাধন করে যখন
(A) এটি শিক্ষার্থী ও শিক্ষকের 'ফিডব্যাক' হিসেবে কাজ করে।
(B) এটি বছরের শেষে একবার মাত্র করা হয়।
(C) এটি তুলনামূলক মূল্যায়নের মাধ্যমে ছাত্রছাত্রীদের পারদর্শিতার পার্থক্য করে।
(D) এটি ছাত্রছাত্রীদের মধ্যে ভয় ও চাপের সৃষ্টি করে।

62. নিম্নোক্ত কোন দক্ষতাগুলি মানসিকভাবে কম বিকাশপ্রাপ্ত শিশুদের জন্য জরুরি?
(A) জীবন দক্ষতাসমূহ (B) অভিযোজন দক্ষতাসমূহ
(C) যোগাযোগ দক্ষতাসমূহ (D) সাংখ্যাগত দক্ষতাসমূহ

63. একজন শিক্ষক শিক্ষার্থীদের সর্বদা সাহায্য করে যাতে তারা একটি বিষয়ে অর্জিত জ্ঞানের সঙ্গে অপর বিষয়ের সম্পর্ক স্থাপন করতে পারে। এটি সাহায্য করে
(A) ব্যক্তিগত পার্থক্যকে
(B) শিক্ষার্থীর স্বাধীনতায়
(C) শক্তিদায়ী উদ্দীপকের সরবরাহে
(D) অনুবন্ধ এবং জ্ঞানের সঞ্চালনে

64. শিক্ষাদান প্রক্রিয়ায় শিক্ষার্থীর পারফরম্যান্স একটি
(A) নির্ভরশীল চল (B) স্বাধীন চল
(C) মধ্যস্থ চল (D) নিয়ন্ত্রিত চল

65. শিক্ষার্থীর কাজের একটি সংগ্রহ যাতে একটি বিশেষ স্থানের শিক্ষার্থীদের বৃদ্ধি, আত্ম-প্রতিবিম্ব এবং কৃতিত্ব জানা যায় তাকে বলা হয়
(A) মূল্যায়ন (B) বিচারকরণ
(C) পোর্টফোলিও (D) কিউমুলেটিভ নথি

66. শিক্ষাগত বৈশিষ্ট্য : পরিমাপের উপায় :

(a) পারদর্শিতা	**(I) পরীক্ষা**
(b) শিখন	**(II) অ্যাসেসমেন্ট**
(c) আগ্রহ	**(III) সাক্ষাৎকার**

উপযুক্ত জুটি হল
(A) (a) (III) (B) (b) (II)
(C) (c) (I) (D) (b) (I)

67. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর অন্তর্ভুক্তিকরণ
(A) সাধারণ শিশুদের পক্ষে ক্ষতিকারক।
(B) বিদ্যালয়ের বোঝা বাড়িয়ে তুলবে।
(C) মনোভাব, বিষয়বস্তু এবং শিক্ষাদানের পদ্ধতির বদল দাবী করে
(D) একটি অবাস্তব লক্ষ্য।

68. প্রতিভাবান শিক্ষার্থীদের নিরিখে 'acceleration'-এর অর্থ
(A) তাদের মূল্যায়নের পদ্ধতি ত্বরান্বিত করা।
(B) তাদের পাঠসংক্রান্ত কার্যাবলীর লেনদেন ত্বরান্বিত করা।
(C) স্বাভাবিক শিক্ষার্থীদের থেকে আগেই উপরের শ্রেণিতে উন্নীত করা।
(D) তাদের সহপাঠক্রমিক কার্যাবলী দ্রুততর করা।

(Contd.)

SECTION—III

Child Development & Pedagogy

English Version

69. **Four MCQ questions I, II, III & IV are correctly answered by 05%, 20%, 50% and 85% of students respectively. Other things remaining same the best question is**
(A) I (B) II
(C) III (D) IV

70. **Sufficient number of questions are set on the same concept in a test. The test is**
(A) achievement type (B) diagnostic type
(C) prognostic type (D) criterion referenced type

71. **Stages of developments are important for a teacher to**
(i) produce a comfortable environment for teaching and learning process
(ii) know and understand the problems faced by a child
(iii) establish an effective communication with the child
Which set (A, B, C, D) of the above statements is suitable for effective teaching?
(A) only (i) (B) only (ii)
(C) Both (i) and (iii) (D) (i), (ii) and (iii)

72. ***Though calculator gives the result of multiplication easily, we teach children to calculate manually to:***
(A) maintain tradition of teaching
(B) verify the result of multiplication
(C) develop creativity
(D) develop thinking & reasoning

73. ***The stages of 5E as per 5E teaching-learning model are***
(i) Evaluation (ii) Exploration
(iii) Elaboration (iv) Explanation
(v) Engagement
The correct sequence of the stages is
(A) (i), (ii), (iii), (iv), (v) (B) (i), (iii), (ii), (iv), (v)
(C) (v), (ii), (iv), (iii), (i) (D) (v), (iv), (ii), (iii), (i)

4. ***The cephalocaudal principle of development explains how development proceeds from***
(A) differentiated to integrated functions
(B) head to toe
(C) rural to urban areas
(D) general to specific functions

Gender is a/an
(A) physiological construct (B) innate quality
(C) social construct (D) biological entity

Bengali Version

69. I, II, III এবং IV এই চারটি MCQ ধরনের প্রশ্নে সঠিক উত্তরের শতকরা হার হল যথাক্রমে 05, 20, 50 এবং 85। অন্যসব বিষয় একই থাকলে সর্বোত্তম প্রশ্নটি হবে
(A) I (B) II
(C) III (D) IV

70. একটি অভীক্ষায় একই জাতীয় অনেক প্রশ্ন আছে। অভীক্ষাটি হবে
(A) পারদর্শিতার অভীক্ষা (B) নির্ণায়ক অভীক্ষা
(C) পূর্বাভাসমূলক অভীক্ষা (D) ক্রাইটেরিয়ন রেফারেন্সড টাইপ

71. বিকাশের স্তরগুলি একজন শিক্ষকের কাছে গুরুত্বপূর্ণ
(i) শিক্ষণ ও শিখনের স্বাচ্ছন্দ্যকর পরিবেশ গড়ে তোলার জন্য
(ii) একটি শিশু যে সমস্ত সমস্যার সম্মুখীন হয় তা জানা ও বোঝার জন্য
(iii) শিশুর সঙ্গে কার্যকরী যোগাযোগ স্থাপন করার জন্য
উপরিউক্ত বক্তব্যগুলির মধ্যে কোন সেটটি (A, B, C, D) কার্যকরী শিক্ষাদানের জন্য উপযোগী?
(A) শুধুমাত্র (i) (B) শুধুমাত্র (ii)
(C) (i) ও (iii) উভয়ই (D) (i), (ii) ও (iii)

72. গুণের জন্য সহজেই গণক ব্যবহার করা যায়, তবুও শিক্ষার্থীদের হাতে-কলমে গুণ শেখাই কারণ
(A) শিক্ষার ঐতিহ্য বজায় রাখা
(B) গুণের ফলাফল যাচাই করা
(C) সৃজনশীলতার বিকাশ
(D) চিন্তা ও যুক্তির বিকাশ

73. 5E মডেলের 5E শিখন-শিক্ষণের স্তরগুলি হল :
(i) মূল্যায়ন (Evaluation) (ii) অন্বেষণ (Exploration)
(iii) সম্প্রসারণ (Elaboration) (iv) ব্যাখ্যা (Explanation)
(v) নিযুক্তি (Engagement)
স্তরগুলির সঠিক সজ্জা হল
(A) (i), (ii), (iii), (iv), (v) (B) (i), (iii), (ii), (iv), (v)
(C) (v), (ii), (iv), (iii), (i) (D) (v), (iv), (ii), (iii), (i)

74. বিকাশের cephalocaudal সূত্র অনুসারে বিকাশ অগ্রগতি পায়
(A) বিভিন্ন থেকে সমন্বিত কার্যাবলীর দিকে
(B) মাথা থেকে পায়ের আঙুলের দিকে
(C) গ্রাম্য থেকে শহুরে এলাকার দিকে
(D) সাধারণ থেকে বিশেষ কার্যাবলীর দিকে

75. লিঙ্গভেদ একটি
(A) শারীরবৃত্তীয় ধারণা (B) জন্মগত গুণ
(C) সামাজিক ধারণা (D) জীবতাত্ত্বিক অস্তিত্ব/সত্তা

SECTION—III

Child Development & Pedagogy

English Version

76. In the context of education, socialization means

(A) adapting and adjusting to social environment.
(B) always following social norms.
(C) creating one's own social norms.
(D) respecting elders in society.

77. Teaching of Geography and History of Murshidabad may be meaningful, quick and interesting if conducted together by an approach of

(A) play way (B) correlation
(C) induction (D) story telling

78. A child knows 4+2=6 but not 4=6–2. The child may be in the stage

(A) Sensorimotor (B) Preoperation
(C) Concrete operation (D) Formal operation

79. By the word "individual" Woodworth has referred to

(A) human body
(B) human mind
(C) human behaviour
(D) both mental process and physical behaviour

80. *Which of these does not imply practical intelligence in the Triarchic theory?*

(A) Re-shaping the environment
(B) Thinking practically about oneself only
(C) Choosing an environment in which you can succeed
(D) Adapting to the environment

81. *"Right to Education Act 2009" has its main objective to ensure each child in India 6 to 14 years receives quality education. The term quality education means*

(A) Use of costly TLM
(B) Rote learning
(C) Establishment of relation between classroom and real environment
(D) Imposed discipline

82. Questionnaire refers to

(A) a device for securing answers to questions by using a form which the respondent fills in himself.
(B) a device for collecting questions from many individuals.
(C) a device for collecting response from class-work.
(D) a device for developing various questions.

83. According to social constructivist theory of Lev Vygotsky, which of the following methods is appropriate for assessing students?

(A) Standardised tests
(B) Fact-based recall questions
(C) Objective multiple-choice type questions
(D) Collaborative projects

Bengali Version

76. শিক্ষার নিরিখে সামাজিকীকরণ হল

(A) সামাজিক পরিবেশের সাথে অভিযোজন ও সংগতিসাধন।
(B) সবসময় সামাজিক নিয়ম মেনে চলা।
(C) নিজের জন্য সামাজিক নিয়ম সৃষ্টি করা।
(D) সমাজে বড়োদের শ্রদ্ধা করা।

77. মুর্শিদাবাদের ভূগোল এবং ইতিহাস একসাথে অর্থপূর্ণ, দ্রুত ও আকর্ষণীয়ভাবে পড়ানোর উপায়টি হবে

(A) খেলাভিত্তিক (B) অনুবন্ধ পদ্ধতি
(C) আরোহ পদ্ধতি (D) গল্প বলা

78. একটি শিশু জানে 4+2=6, কিন্তু জানে না 4=6–2। শিশুটির বিকাশের স্তর হল

(A) সেন্সরিমোটর (Sensorimotor) (B) প্রিঅপারেশন (Preoperation)
(C) কনক্রিট অপারেশন (Concrete operation) (D) ফর্মাল অপারেশন (Formal operation)

79. উডওয়ার্থ "individual" কথাটির দ্বারা বুঝিয়েছেন

(A) দেহকে
(B) মনকে
(C) ব্যক্তির আচরণকে
(D) মানসিক প্রক্রিয়া ও দৈহিক আচরণ উভয়কে

80. বুদ্ধির Triarchic তত্ত্ব অনুযায়ী বাস্তব বুদ্ধি প্রসঙ্গে নিম্নলিখিত কোন বিকল্পটি ভুল?

(A) পরিবেশকে পুনরায় আকার দেওয়া
(B) বাস্তবসম্মতভাবে একজনের প্রসঙ্গেই ভাবা
(C) যে পরিবেশে শিশু সফল হয় সেই পরিবেশটি নির্বাচন করা
(D) পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়া

81. "শিক্ষার অধিকার আইন-2009" 6 থেকে 14 বছর পর্যন্ত সমস্ত শিশুর জন্য উৎকর্ষতা আছে এমন শিক্ষার নিশ্চয়তা প্রদান করে। এখানে শিক্ষার উৎকর্ষতা বলতে বোঝায়

(A) ব্যয়বহুল টি. এল. এম.-এর ব্যবহার
(B) মুখস্থ বিদ্যা
(C) শ্রেণিকক্ষের সাথে বাস্তব জগতের/পরিবেশের সঙ্গে সম্পর্ক স্থাপন
(D) চাপিয়ে দেওয়া শৃঙ্খলা

82. প্রশ্নগুচ্ছ হল

(A) একটি যন্ত্র যেখানে অনেক প্রশ্ন থাকে যার উত্তর উত্তরদাতা নিজেই দেন।
(B) একটি যন্ত্র যেখানে অনেক লোকের কাছ থেকে প্রশ্ন সংগ্রহ করা হয়।
(C) একটি যন্ত্র যার দ্বারা শ্রেণির কাজের থেকে উত্তর সংগ্রহ করা হয়।
(D) একটি যন্ত্র যার দ্বারা বিভিন্ন প্রশ্ন প্রস্তুত করা হয়।

83. লেভ ভাইগটস্কির সামাজিক নির্মিতিবাদ তত্ত্ব অনুযায়ী নিম্নোক্ত কোন পদ্ধতিটি ছাত্রছাত্রীদের মূল্যায়নের জন্য উপযোগী?

(A) আদর্শায়িত অভীক্ষা
(B) বাস্তবভিত্তিক অনুস্মরণ প্রশ্নাবলী
(C) নৈর্ব্যক্তিক বহুনির্বাচনী প্রশ্নাবলী
(D) সহযোগিতামূলক প্রকল্প

SECTION—III

Child Development & Pedagogy

English Version

'Cockroach is not bird'. Starting a lesson on bird with such negative example was discouraged by

(A) Bruner (B) Piaget
(C) Skinner (D) Binet

. Which one of the following characteristics is not related to organization of co-curricular activities in school?

(A) Educationally relevant (B) Constructive
(C) Democratic atmosphere (D) Non co-operation

86. Some statements about children:
(i) Children are passive recipients of knowledge
(ii) Children are problem solvers
(iii) Children are interested in scientific investigation
(iv) Children are active explorers of the environment
Which set of the above statements is correct?

(A) (ii), (iii) and (iv) (B) (i), (ii), (iii) and (iv)
(C) (i), (ii) and (iii) (D) (i), (ii) and (iv)

87. According to Chomsky, an innate capacity to acquire language is the result of our uniquely human biological inheritance, which is called

(A) Language Adaptation Degree
(B) Language Acquisition Device
(C) Language Acceptance Desire
(D) Language Acquire Domain

88. Which one of the following is best suited for emotional development of children?

(A) Democratic classroom environment
(B) No involvement of the teachers as it is the task of the parents
(C) Controlled classroom environment
(D) Authoritarian classroom environment

. In the case of learning Law of Readiness corresponds to

(A) schema (B) motivation
(C) stimulus (D) response

A student modifies an essay in the book and then memorizes it. This is a process of—

(A) Adoption (B) Organization
(C) Assimilation (D) Accommodation

Bengali Version

